

তফসিল - ৫

পরমাণু রিঅ্যাক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিঅ্যাক্টর চালক লাইসেন্স আবেদন করণ

পরমাণু রিঅ্যাক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিঅ্যাক্টর চালক-এর লাইসেন্স প্রাপ্তির পদ্ধতি

পরমাণু রিঅ্যাক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিঅ্যাক্টর চালক-এর লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত/পদ্ধতিসমূহ প্রযোজ্য হইবে :-

- ১) প্রয়োজনীয় যোগ্যতা ও সন্তোষজনকভাবে প্রয়োজনীয় প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত আবেদন পত্রের ফরমে (সংযুক্তি-১) কমিশনের নিকট লাইসেন্সের জন্য আবেদন করিতে হইবে। আবেদন পত্রের সহিত চিকিৎসা ইতিহাস ও ডাক্তারী পরীক্ষার সনদপত্র (সংযুক্তি-২) সংযুক্ত করিতে হইবে;
- ২) পরমাণু রিঅ্যাক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিঅ্যাক্টর চালক লাইসেন্সের জন্য ন্যূনতম শিক্ষাপত্র যোগ্যতা হইতেছে প্রকৌশলে স্নাতক অথবা পদার্থ বিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রী;
- ৩) প্রয়োজনীয় প্রশিক্ষণের বিবরণ ১০ সি, এফ, আর, ৫৫ (10 CFR 55) এবং ইউ,এস,এন,আর,সি, এন,ইউ,আর,ই,জি - ০০৯৪, রেড - ১ (USNRC NUREG - 0094 Rev - 1) এ বর্ণিত আছে;
- ৪) লাইসেন্স এর পদ্ধতি ও শর্তাবলী ১০ সি,এফ,আর ৫৫ এর চাহিদাসমূহের সহিত সঙ্গতিপূর্ণ হইতে হইবে;
- ৫) লাইসেন্সে অবশ্যই আবেদনকারীর পুলিশ ও জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এন,এস,আই) সংস্থা ভেটিং (Vetting) থাকিতে হইবে;
- ৬) ১০ সি, এফ, আর, ৫৫ (10.CFR 55) এবং ইউ,এস,এন,আর,সি, এন,ইউ,আর,ই,জি - ০০৯৪, রেড - ১ (USNRC NUREG - 0094 Rev - 1) এর চাহিদানুযায়ী কমিশন লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে; এবং
- ৭) কমিশনের নিকট আবেদনকারীর আবেদন পত্র, চিকিৎসা ইতিহাস এবং ডাক্তারী পরীক্ষার ফলাফল, লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল এবং পুলিশ ও জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা ভেটিং সন্তোষজনক প্রতীক্ষমান হইলে, কমিশন বিধিমালায় চাহিদা অনুযায়ী শর্ত সাপেক্ষে লাইসেন্স প্রদান করিবে।

প্রত্যয়ন

(অবশ্যই আবেদনকারী/সাইনসেধারী কর্তৃক পূরণ করিতে হইবে)

আমি এই মর্মে অবগত আছি যে, এই আবেদন পত্রে যে সকল বিবরণী এবং প্রস্তাবনা বিধৃত হইয়াছে তাহা আমার উপর বাধ্যতামূলকভাবে বর্তাইবে। আমি অথবা আমার পক্ষে এই প্রত্যয়ন সম্পাদনকারী যে কোন কর্মকর্তা তাহার নাম প্রথম অংশের ৪নং ক্রমিকে উল্লেখিত হইয়াছে, এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, এই আবেদনপত্র কমিশন কর্তৃক প্রণীত/পূহিত প্রযোজ্য প্রমিত, কোড ও নির্দেশিকা এবং অন্যান্য বিধি সম্বত কর্মকাণ্ডের সহিত সঙ্গতি রাখিয়া প্রণয়ন করা হইয়াছে এবং আমার বিশ্বাস ও জানা মতে এই আবেদন পত্রে প্রদত্ত সকল তথ্য সত্য এবং সঠিক।

আবেদনকারী অথবা তাহার বৈধ
মনোনীত ব্যক্তির স্বাক্ষর

মুদ্রিত নাম এবং পদবী

স্থান:

তারিখ:

দ্বিতীয় অংশ :

কর্মকাণ্ডের প্রকৃতি ও সংশ্লিষ্টতা অনুসারে কমিশন আবেদন ফরমের এই অংশ প্রণয়ন করিবে।